



# বাংলাদেশ সংবাদ মেলা

যৌন অত্যাচারসহ সকল সহিংসতার বিরুদ্ধে “কর্মজীবী নারী”র উদ্যোগে  
মানববন্ধন আজ

on: September 03, 2019



স্টাফ রিপোর্টারঃ সকল শ্রেণি-পেশা নির্বিশেষে নারীর অধিকার ও মর্যাদা প্রতিষ্ঠার লক্ষ্যে ‘কর্মজীবী নারী’ ১৯৯১ সাল থেকে নারী ও নারীশ্রমিকের ক্ষমতায়নের প্রচেষ্টার মধ্য দিয়ে নারীর মর্যাদা বৃদ্ধি এবং জাতীয় অগ্রগতিতে নারীর অবদান রাখার বিষয়ে প্রয়াস চালিয়ে আসছে।

দেশের প্রতিটি নারী ও শিশু সহিংসতার ঝুঁকির মধ্যে রয়েছে। ঘরে, বাইরে, রাস্তাঘাটে, যানবাহনে, কর্মক্ষেত্রে, শিক্ষা প্রতিষ্ঠানে প্রতিনিয়ত ধর্ষণ, দলবদ্ধ ধর্ষণ, ধর্ষণের পর হত্যা, ধর্ষণ চেষ্টা বা যৌন হয়রানি, উত্যক্তকরণ সহ নানাবিধ

সহিংসতার শিকার হচ্ছে নারী ও শিশু। পত্রিকাসূত্রে, জানুয়ারী-জুন ২০১৯ পর্যন্ত ধর্ষণের শিকার হয়েছেন ৬৩০ জন নারী; এর মধ্যে একজন দ্বারা ধর্ষণ ৪৬৪ জন ও দলবদ্ধ ধর্ষণ ১৫৩ জন। ধর্ষণের পর হত্যা করা হয়েছে ৩৭ জনকে। ধর্ষণের শিকার হয়ে আত্মহত্যা করেছেন ৭ জন। ধর্ষণের চেষ্টা হয়েছে ১০৫ জন নারীর উপর; এরমধ্যে হত্যা করা হয়েছে ১ জনকে, আত্মহত্যা করেছেন ১ জন। যৌন হয়রানির শিকার হয়েছেন ১২৭ জন, এরমধ্যে আত্মহত্যা করেছেন ৮ জন। ধর্ষণের প্রতিবাদ করায় খুন হয়েছে ৩ জন নারী ও ২ জন পুরুষ।

একের পর এক নির্মম ঘটনা আমাদের মধ্যে উদ্বেগ- উৎকণ্ঠা তৈরি করেছে। এই পরিস্থিতিতে ‘কর্মজীবী নারী’ নারী ও শিশু নির্যাতন বন্ধে ‘যৌন আক্রমণ আর না!!!’ এই প্রতিপাদ্যকে ধারণ করে ০৩ সেপ্টেম্বর ২০১৯, মঙ্গলবার, বিকাল : ৩ :৩০ টায় ; গোল চত্বর, সনি সিনেমা হলের সামনে, মিরপুর-১ এ এক প্রতিবাদ সমাবেশ এর আয়োজন করতে যাচ্ছে। উক্ত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন কর্মজীবী নারী’র প্রতিষ্ঠাতা সভাপতি শিরীন আখতার এমপি। বক্তব্য রাখবেন কর্মজীবী নারী’র সহ-সভাপতি উম্মে হাসান ঝলমল ও নির্বাহী পরিচালক রোকেয়া রফিক। সংহতি জানিয়ে বক্তব্য রাখবেন নারীশ্রমিকনেতৃবৃন্দ, নারীনেতৃবৃন্দ ও উন্নয়ন সংগঠনের কর্মীবৃন্দ।

অনুষ্ঠান : তারিখ, স্থান ও সময় :

০৩ সেপ্টেম্বর ২০১৯, মঙ্গলবার, বিকাল : ৩:৩০ টা ; গোল চত্বর, সনি সিনেমা হল, মিরপুর-০১, ঢাকা

[Link](#)